# Amofun

## Amorolfine BP

**Composition:**
Amofun 10gm Cream: Each gram cream contains Amorolfine Hydrochloride BP equivalent to Amorolfine 2.5 mg.
Amofun 30gm Cream: Each gram cream contains Amorolfine Hydrochloride BP equivalent to Amorolfine 2.5 mg.

**Pharmacology:**
Amorolfine is a broad spectrum topical antimycotic. It is a morpholine antifungal drug that inhibits the fungal enzymes D14 reductase and D7-D8 isomerase. This inhibition affects fungal sterol synthesis pathways & depletes ergosterol.

**Indication:**
Amofun Cream is indicated for the treatment of Tinea pedis (athlete's foot), Tinea cruris, Tinea inguinalis, Tinea corporis, Tinea manuum & Pityriasis versicolor.

**Dose & Administration:**
To be applied to affected skin areas once daily following cleansing (in the evening). The treatment should be continued without interruption until clinical cure, and for 3-5 days thereafter. The required duration of treatment depends on the species of fungi and on the localization of the infection. In general, treatment should be continued for at least two to three weeks. With foot mycoses, up to six weeks of therapy may be necessary **or as directed by the physicians.**

**Contraindication:**
This cream must not be resued by patients who have shown hypersensitivity to the active substance or to any of the excipients.

**Warning and Precaution:**
Avoid contact of Amofun cream with eyes, ears and mucous membranes. A systemic or local allergic reaction could possibly occur after use of this cream. If this happens, the cream should be stopped immediately and medical advice should be sought. Remove the cream carefully by cleaning the skin. The cream should not be reapplied.

**Side Effects:**
Adverse drug reactions like Skin and subcutaneous tissue disorders are rare and mostly mild in nature.

**Use in Pregnancy and Lactation:**
Amofun cream should not be used during pregnancy and lactation unless clearly necessary. Breast feeding women must not use the cream in the breast area.

**Use in Children and Adolescents:**
Owing to the lack of clinical experience, the use of this cream in children is not recommended.

**Drug Interaction:**
There are no specific studies involving concomitant treatment with other topical medicines.

**Overdose:**
Amofun is for topical use.

**Storage Condition:**
Store below 30°C, away from light and in a dry place. Keep out of the reach of children.

**Commercial Pack:**
Amofun 10 gm Cream: Each Pack has an aluminium collapsible tube containing 10 gm cream.
Amofun 30 gm Cream: Each Pack has an aluminium collapsible tube containing 30 gm cream.

Manufactured by
BIOPHARMA
LIMITED
A-116, BSCIC, Industrial Estate
TONGI, GAZIPUR, BANGLADESH

For further query on the use of this medicine, consult to a registered Doctor or Pharmacist.

# এমোফান
## এমোরলফিন বিপি

**উপাদানঃ**
এমোফান ১০ গ্রাম ক্রীম: প্রতি গ্রাম ক্রীমে রয়েছে এমোরলফিন হাইড্রোক্লোরাইড বিপি যা এমোরলফিন ২.৫ মি.গ্রা. এর সমতুল্য।
এমোফান ৩০ গ্রাম ক্রীম: প্রতি গ্রাম ক্রীমে রয়েছে এমোরলফিন হাইড্রোক্লোরাইড বিপি যা এমোরলফিন ২.৫ মি.গ্রা. এর সমতুল্য।

**ফার্মাকোলজীঃ**
এমোরলফিন একটি বিস্তৃত বর্ণালির বাহ্যিক ব্যবহৃত এন্টিমাইকোটিক। এটি একটি মরফোলিন এন্টিফাঙ্গাল ওষুধ যা ছত্রাকের D14 রিডাক্টেজ এবং D7-D8 আইসোমারেজ এনজাইমকে প্রতিহত করে যা স্টেরল তৈরীতে বাধা দেয় এবং আরগোস্টেরলের পরিমাণ কমিয়ে দেয়।

**নির্দেশনাঃ**
এমোফান ক্রীম টিনিয়া পেডিস, টিনিয়া ক্রুরিস, টিনিয়া ইঙ্গুইনেইলস, টিনিয়া করপোরিস, টিনিয়া মেনাম এবং পিটাইরিয়াসিস ভারসিকালার এর চিকিৎসায় নির্দেশিত।

**মাত্রা ও ব্যবহার বিধিঃ**
ত্বকের আক্রান্ত স্থানে প্রতিদিন একবার পরিষ্কার করার পর (সন্ধ্যা বেলায়) প্রয়োগ করতে হবে। রোগের উপশম না হওয়া পর্যন্ত এবং উপশম পরবর্তী ৩ থেকে ৫ দিন কোন বিরতি ছাড়াই চিকিৎসা চালিয়ে যেতে হবে। চিকিৎসার প্রয়োজনীয় সময় কাল ছত্রাকের প্রজাতি এবং সংক্রমণের অবস্থানের উপর নির্ভর করে। সাধারণত চিকিৎসা কমপক্ষে দুই থেকে তিন সপ্তাহ অব্যাহত রাখতে হবে। পায়ের মাইকোসিস এর ক্ষেত্রে, ৬ সপ্তাহ পর্যন্ত চিকিৎসার প্রয়োজন হতে পারে অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার করতে হবে। চিকিৎসার প্রয়োজন হতে পারে **অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার করতে হবে।**

**প্রতিনির্দেশনাঃ**
যাদের এই ক্রীম টির সক্রিয় উপাদান বা যে কোন এক্সিপিয়েন্ট এর প্রতি অতিসংবেদনশীলতা আছে তাদের পুনরায় ব্যবহার করা যাবে না।

**সাবধানতা ও সতর্কতাঃ**
চোখ, কান এবং মিউকাস মেমব্রেনের সাথে এমোফান ক্রীমের সংস্পর্শ এড়িয়ে চলুন। এই ক্রীমটি ব্যবহারের পরে সিস্টেমিক বা স্থানীয় এলার্জিক প্রতিক্রিয়া হতে পারে। যদি এটি হয় তবে ক্রীমটি অবিলম্বে বন্ধ করা উচিত এবং চিকিৎসকের পরামর্শ নেওয়া উচিত। পরিষ্কার করার মাধ্যমে ক্রীমটি সাবধানে সরিয়ে ফেলতে হবে। ক্রীমটি পুনরায় প্রয়োগ করা উচিত নয়।

**পার্শ্ব প্রতিক্রিয়াঃ**
বিরুপ প্রতিক্রিয়া যেমন- ত্বক ও ত্বকের টিস্যু সংক্রান্ত ব্যাধি বিরল এবং বেশিরভাগই হালকা প্রকৃতির।

**গর্ভকালীন ও স্তন্যদানকালীন ব্যবহারঃ**
গর্ভাবস্থায় এবং স্তন্যদানের সময় যথাযথ প্রয়োজন ছাড়া এমোফান ক্রীমটি ব্যবহার করা উচিত নয়। স্তন্যদানকারী মায়েদের ক্ষেত্রে স্তনের আশেপাশে ব্যবহার করা উচিত নয়।

**শিশু ও বয়ঃসন্ধিকালীন ব্যবহারঃ**
পর্যাপ্ত ক্লিনিক্যাল গবেষণার অভাবে শিশুদের ক্ষেত্রে এই ক্রীমটি নির্দেশিত নয়।

**অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়াঃ**
একই সাথে অন্যান্য বাহ্যিক ওষুধের চিকিৎসার সুনির্দিষ্ট কোন গবেষণা নেই।

**অতিমাত্রাঃ**
এমোফান ক্রীমটি বাহ্যিক ব্যবহারের জন্য।

**সংরক্ষণঃ**
৩০° সে. তাপমাত্রার নিচে, আলো থেকে দূরে ও শুষ্ক স্থানে সংরক্ষণ করুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।।

**বানিজ্যিক মোড়ক:**
এমোফান ১০ গ্রাম ক্রীম: প্রতি প্যাকে রয়েছে ১০ গ্রাম ক্রীমের একটি অ্যালুমিনিয়াম কলাপসিবল টিউব।
এমোফান ৩০ গ্রাম ক্রীম: প্রতি প্যাকে রয়েছে ৩০ গ্রাম ক্রীমের একটি অ্যালুমিনিয়াম কলাপসিবল টিউব।

*প্রস্তুতকারক*
বায়োফার্মা
লি মি টে ড
এ-১১৬, বিসিক শিল্প নগরী
টঙ্গী, গাজীপুর, বাংলাদেশ

এই ওষুধ ব্যবহার সর্ম্পকে আপনার যদি কিছু জানার থাকে, তাহলে নিবন্ধিত চিকিৎসক অথবা ফার্মাসিস্টের পরামর্শ নিন।